



## স্বাধীনতার মাধ্যমে গণতন্ত্রের নবায়ন

BUILDING A NEW  
**SCOTLAND**



### সারসংক্ষেপ

স্কটল্যান্ডের ভবিষ্যতের বিষয়ে একটি গণভোটে বৃহৎসংখ্যক বিকল্প বেছে নেওয়ার জন্য লোকদের যেসব তথ্য জানা প্রয়োজন তা 'নতুন স্কটল্যান্ড গঠন' (বিল্ডিং আ নিউ স্কটল্যান্ড) ধারাবাহিকে জানানো হচ্ছে।

এই দ্বিতীয় পত্রে স্কটিশ সরকারের এই অভিমত জানানো হয়েছে যে যারা স্কটল্যান্ডে বসবাস করছেন তাদের কিভাবে শাসন করা হবে তা বেছে নেওয়া এবং স্কটল্যান্ডের একটি স্বাধীন দেশ হওয়া উচিত কিনা তা নির্ণয় করার অধিকার আছে।

স্কটল্যান্ড ইউনাইটেড কিংডম (UK)-এর অন্তর্ভুক্ত একটি দেশ, এর নিজস্ব সংসদ এবং নির্বাচিত সরকার আছে।

ওয়েলস সরকারের মতই, স্কটিশ সরকারের বিশ্বাস UK স্বেচ্ছায় অন্তর্ভুক্ত দেশসমূহের একটি সংগঠন এবং স্কটল্যান্ডের জনসাধারণ নির্বাচনে যে ইচ্ছা প্রকাশ করেছেন তা মান্য করা উচিত।

UK ইয়োরোপিয়ান ইউনিয়ন (EU) থেকে আলাদা হওয়ার পরে, UK সরকার আরও আইন পাশ করেছে যা স্কটিশ সংসদের ক্ষমতা অগ্রাহ্য করেছে।

অধিকাংশ মানুষের সমর্থন পেলে UK-র হাউজ অফ কমন্স এবং অনির্বাচিত হাউজ অফ লর্ডস, যে কোনও সময়, স্কটিশ সংসদের ক্ষমতা বদলে দিতে পারে, এমনকি সম্পূর্ণ বাতিল করে দিতে পারে।

স্কটিশ সরকার চায় স্কটল্যান্ডের গৃহীত সিদ্ধান্তকে মান্য করা, সুরক্ষিত রাখা এবং বলিষ্ঠ করা হোক।

যেসব বিষয়ে স্কটল্যান্ডের সংসদ এবং সরকারের ক্ষমতা আছে সেসব বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার সামর্থ্যের ফলে ইতিমধ্যে স্কটল্যান্ড লাভবান হয়েছে।

বিবিধ সরকারের অধীন এই লাভগুলির মধ্যে আছে বয়োবৃদ্ধদের জন্য বিনামূল্যে ব্যক্তিগত সেবা শুক্রবার সূত্রপাত করা, প্রেসক্রিপশন এবং দাঁতের চিকিৎসা সম্পর্কিত চার্জের সমাপ্তি এবং বিশ্ববিদ্যালয়ে টিউশন-মুক্ত শিক্ষা ও NHS-এর বেসরকারিকরণ থেকে নিরাপত্তা।



স্কটিশ চাইল্ড পেমেন্টের মত সুবিধার মাধ্যমে নিম্ন আয়ের পরিবারগুলি জীবনযাপনের খরচে সাহায্য পেয়েছে।

স্কটিশ সরকারের কর সংক্রান্ত সিদ্ধান্তের ফলে আরও ন্যায্য এবং বেশি প্রগতিশীল ব্যবস্থা গড়ে উঠেছে, যার ফলে 2022-23-এ, স্কটল্যান্ডের অধিকাংশ করদাতা UK-র অন্য কোথাও বসবাস করলে তাদের যত আয়কর দিতে হত তার চেয়ে কম দিয়েছে।

UK স্তরের তুলনায় স্কটিশ স্থানীয় এবং সংসদীয় নির্বাচনে ব্যবহৃত ভোটের ব্যবস্থাও বেশি পক্ষপাতশূন্য, বিভিন্ন পার্টির MSP-দের সংখ্যা লোকেদের বাস্তব ভোটদানের প্রতিনিধিত্ব করছে।

বর্তমানে ওয়েস্টমিন্সটারের শাসক দলে ছয় জন সংসদ সদস্য অর্থাৎ MP স্কটল্যান্ডের প্রতিনিধিত্ব করছেন অথচ প্রায় 70 বছরে স্কটল্যান্ডে একটাও নির্বাচনে জেতেননি। দ্বিতীয় বিশ্ব যুদ্ধের পর 77 বছরের মধ্যে 39 বছর যাবৎ, যে UK সরকার স্কটল্যান্ডকে শাসন করছে, অর্ধেকের চেয়ে কম স্কটিশ নির্বাচনী এলাকা তাদের নির্বাচিত করেছেন।

বর্তমান ব্যবস্থায়, এখনও জনসাধারণের দৈনন্দিন জীবনে গুরুত্বপূর্ণ প্রভাব ফেলার মত অনেক বিষয়ে শুধুই UK সরকার এবং সংসদ সিদ্ধান্ত নিতে পারে।

তাতে প্রতিরক্ষার বিষয়ে সিদ্ধান্ত এবং স্কটল্যান্ডের EU-তে থাকা উচিত কিনা তা অন্তর্ভুক্ত আছে। তাতে শক্তি সংক্রান্ত গুরুত্বপূর্ণ নীতিসমূহ যেমন নবায়নযোগ্য প্রকল্পে সমর্থন স্তরে সিদ্ধান্তও অন্তর্ভুক্ত আছে।

কর কম করা বা বাড়ানো, ইউনিভার্সাল ক্রেডিটের মত সুবিধাদি ও পেনসনের মত অধিকাংশ সিদ্ধান্ত UK সরকার নেয়।

প্রধান পত্রে যেমন সবিস্তারে জানানো হয়েছে, অনেক ক্ষেত্রে UK সরকারের সিদ্ধান্তের ফলে স্কটল্যান্ডে বসবাসকারী জনসাধারণের উপর দীর্ঘকালীন এবং ক্ষতিকর প্রভাব পড়েছে।

এতে আছে স্কটল্যান্ডের নর্থ সী-এর তেল থেকে যা আয় হয় তা একটি তহবিলে বিনিয়োগে ব্যর্থতা, একটি অনুমান অনুযায়ী তার বর্তমান মূল্য £500 বিলিয়নের বেশি- যা স্কটল্যান্ডের বার্ষিক জাতীয় আয়ের তিনগুণ।

স্কটল্যান্ড EU সংঘভুক্ত থাকার পক্ষে ভোট দেওয়া সত্ত্বেও তাকে বিচ্ছিন্ন করে দেওয়া হয়েছে, এবং UK সরকারের ব্রেক্সিট চুক্তির ফলে স্কটল্যান্ডবাসীদের পক্ষে EU-এর দেশগুলিতে যাতায়াত, কাজ, ব্যবসা বাণিজ্য করা আরও কঠিন হয়ে উঠেছে।

স্কটল্যান্ডকে অভিবাসন সম্পর্কিত ক্ষমতা দিতেও UK সরকার অস্বীকার করেছে। অথচ স্কটল্যান্ড UK-এর একমাত্র অংশ যেখানে আগামী 25 বছরে কাজ করার উপযুক্ত বয়সী মানুষের সংখ্যা ক্রমশ কম হবে বলে অনুমান করা হচ্ছে, যার মানে, আমাদের বিদেশ থেকে কর্মদক্ষতা আকৃষ্ট করার প্রয়োজন আছে।

UK-এর কোনও সরকার যদি স্কটল্যান্ডকে আরও ক্ষমতা দেওয়ার প্রতিশ্রুতি দেয় তাহলেও বাস্তব সত্য বদলাবে না, কারণ সিদ্ধান্ত নেওয়ার চূড়ান্ত ক্ষমতা ওয়েস্টমিনিস্টারের কাছেই থাকবে।

স্কটিশ সংসদের উল্লেখযোগ্য সংখ্যাগরিষ্ঠ এখন গণভোটের মাধ্যমে স্কটল্যান্ডবাসীদের স্বাধীনতা বেছে নেওয়ার একটা স্পষ্ট প্রতিশ্রুতির পক্ষপাতী এবং সেই জন্যই তাদের নির্বাচন করা হয়েছে।

স্বাধীনতা স্কটল্যান্ডকে স্কটল্যান্ডের ভবিষ্যত নির্ণয়ের ক্ষমতা দেবে, স্কটল্যান্ডের জনসাধারণ যে সরকারকে ভোট দিয়েছে তারা সেসব নির্ণয় করবে।

© The Scottish Government 2022

স্কটিশ সরকার দ্বারা প্রকাশিত, জুলাই 2022

ISBN: 978-1-80435-737-8

APS Group Scotland, 21 Tennant Street,

Edinburgh EH6 5NA দ্বারা স্কটিশ সরকারের জন্য প্রস্তুত করা হয়েছে PPDAS1123682 (07/22)

